ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৫১
শান্তিরবাজার, ২৭ আগস্ট, ২০২৫

**বকাফা পঞ্চায়েত সমিতি ও বিএসি'র যৌথ সভা অনুষ্ঠিত**

বকাফা পঞ্চায়েত সমিতি এবং বকাফা বিএসি'র এক যৌথ সভা গতকাল বকাফা ব্লকের মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান কৃষ্ণ রিয়াং, ভাইস চেয়ারম্যান বাবুল পাটারি, বিডিও মনোজ পাল, বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন পঞ্চায়েতের প্রধানগণ উপস্থিত ছিলেন। সভায় বকাফা ব্লক এলাকার নানা উন্নয়নমূলক কাজের পর্যালোচনা করা হয়। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, আসন্ন শারদোৎসবের সময় যাতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ থাকে তার জন্য এখন থেকে উদ্যোগ নেওয়া হবে। বিদ্যুৎতের লাইন দ্রুত মেরামত করা হচ্ছে। রাস্তা সংস্কার, পানীয় জলের নতুন প্রকল্প চালু এবং পুরাতন প্রকল্পগুলি পুজার আগেই মেরামত করার সিদ্ধান্ত নেওয়া হয়। এছাড়াও সভায় ব্লক এলাকার কৃষি ব্যবস্থা, মৎস্যচাষ, প্রাণী পালন এবং সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের প্রকল্পগুলির পর্যালোচনা করা হয়।

*****